# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**

স্মারক নং: PARTNER/APCU-BARC-01-HRD/2024/ 1279 তারিখ:৩০/১০/২০২৪ খ্রি.।

**বিষয়:** APCU-BARC, PARTNER অঙ্গ কর্তৃক আয়োজিত Strategic Plan Agricultural Research and Development (R&D) for NARS Institutes শীর্ষক কর্মশালার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: PARTNER/APCU-BARC-01-HRD/2024/1061; তারিখ: ১৭/০৯/২০২৪ খ্রি.।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, APCU-BARC, PARTNER অঙ্গ কর্তৃক ২৭ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত Strategic Plan for Agricultural Research and Development (R&D) of NARS Institutes শীর্ষক কর্মশালার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
বিএআরসি
ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২
ই-মেইল: ec.barc@barc.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৬. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৭. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
১০. মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১১. মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর।
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১৩. সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
১৪. সদস্য পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
১৫. সদস্য পরিচালক, পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
১৬. সদস্য পরিচালক, প্রাণিসম্পদ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
১৭. সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ও ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
১৮. সদস্য পরিচালক, মৎস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
১৯. সদস্য পরিচালক, কৃষি অর্থনীতি ও গ্রামীন সমাজবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
২০. পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২১. পরিচালক, (পরিকল্পনা ও মূল্যায়ন), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২২. পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২৩. পরিচালক, (প্রসাশন ও সাধারণ পরিচর্যা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২৪. পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২৫. পরিচালক, (প্রসাশন ও সা.সা.), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২৬. পরিচালক, (প্রশিক্ষণ ও পরিকল্পনা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।



ফোন: +৮৮০-২-২২২২৪২৬৬৬, ফ্যাক্স: +৮৮০-২-২২২২৪২৬৪৬
ই-মেইল: ec.barc@barc.gov.bd; info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

২৭. পরিচালক (প্রসাশন ও অর্থ), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
২৮. পরিচালক, (পিটিসি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
২৯. পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৩০. পরিচালক, (প্রযুক্তি হস্তান্তর), বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৩১. পরিচালক (ফিল্ড সার্ভিস উইং), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৩২. পরিচালক, (আনালাইটিকেল সার্ভিস উইং), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৩৩. পরিচালক, (প্রসাশন ও অর্থ), বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর।
৩৪. অতিরিক্ত পরিচালক (প্রসাশন ও অর্থ), তুলা উন্নয়ন বোর্ড, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৩৫. বিনিতা রানী, উপসচিব, আন্তর্জাতিক সহযোগিতা-২ শাখা, কৃষি মন্ত্রণালয়।
৩৬. কামরুল ইসলাম খান, সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা, কৃষি মন্ত্রণালয়।
৩৭. ড. মো: আব্দুর রাজ্জাক, সাবেক নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা ১২১৫।
৩৮. ড. মো: ওয়ায়েস কবীর, সাবেক নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা ১২১৫।
৩৯. ড. মুন্নজান খানম, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর), গবেষণা উইং, ব্রি, বিআরআরআই, গাজীপুর ১৭০১।
৪০. ড. মো: আবু হেনা ছরোয়ার জাহান, পরিচালক (রুটিন দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বিএআরআই, গাজীপুর ১৭০১।
৪১. ড. মো. আলমগীর মিয়া, পরিচালক (রুটিন দায়িত্ব), পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর উইং, বিডব্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর।
৪২. জনাব মো: মিজানুর রহমান, প্রকল্প সমন্বয়ক, PARTNER, APCU-DAE, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা ১২১৫।
৪৩. ড. গৌর গোবিন্দ দাস, এপিডি, PARTNER, APCU-DAE, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা ১২১৫।
৪৪. ড. এ.কে.এম. মিজানুর রহমান, এপিডি, PARTNER, APCU-BADC, ঢাকা।
৪৫. ড. মো: আব্দুল্লাহ আল-ফারুক, এপিডি, PARTNER, APCU-DAM, ঢাকা।
৪৬. ড. জগদীশ চন্দ্র বর্মণ, এপিডি, PARTNER, APCU-BARI, গাজীপুর।
৪৭. ড. মো: আব্দুল কাদের, এপিডি, PARTNER, APCU-BRRI, গাজীপুর।
৪৮. ড. মো: আবুল কাশেম, এপিডি, PARTNER, APCU-BMDA, ঢাকা।
৪৯. ড. শরিফুল হক ভূঞা, ফোকাল পয়েন্ট, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৫০. নাইয়ার সুলতানা, ফোকাল পয়েন্ট, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৫১. মো: হাসিবুর রহমান, ফোকাল পয়েন্ট, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৫২. ড. মো: সিদ্দিকুন নবী মন্ডল, ফোকাল পয়েন্ট, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর।
৫৩. সাবিহা রোকসানা, ফোকাল পয়েন্ট, তুলা উন্নয়ন বোর্ড, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৫৪. কাজী কাইমূল ইসলাম, ফোকাল পয়েন্ট, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৫৫. মিটুল কুমার সাহা, ফোকাল পয়েন্ট, হর্টেক্স ফাউন্ডেশন।
৫৬. ড. মোঃ জহির উল্লাহ, ফোকাল পয়েন্ট, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)।

**বিতরণ (আন্তর্জাতিক সংযোগী সংস্থা): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রতিনিধি, The World Bank, Country Office, Bangladesh.
২. প্রতিনিধি, FAO, Country Office, Bangladesh.
৩. প্রতিনিধি, IFAD, Country Office, Bangladesh.

**অনুলিপি জ্ঞাতার্থে:**

১. কৃষি সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
২. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৩. অফিস কপি।



CamScanner

# Agency Program Coordination Unit-BARC

**Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER)**

**Bangladesh Agricultural Research Council, Farmgate, Dhaka 1215**

**Agency Program Co-ordination Unit-BARC, PARTNER কর্তৃক আয়োজিত National Workshop on Strategic Plan for Agricultural R&D of NARS Institutes**
**শীর্ষক কর্মশালার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| তারিখ | : | ২৭ শে অক্টোবর ২০২৪ |
| সময় | : | সকাল: ১০:০০ |
| স্থান | : | বিএআরসি অডিটোরিয়াম ১ |
| সভাপতি | : | ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি |
| প্রধান অতিথি | : | জনাব মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব, পরিকলাপনা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় |
| উপস্থিতি | | পরিশিষ্ট ক |

Agency Program Coordination Unit-BARC, PARTNER কর্তৃক আয়োজিত National Workshop on Strategic Plan for Agricultural R&D of NARS Institutes (SP) শীর্ষক একটি কর্মশালা গত ২৭ অক্টোবর ২০২৪ রোজ রবিবার, সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর মিলনায়তন-১ এ অনুষ্ঠিত হয়। জনাব মো: মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, কৃষি মন্ত্রালয় উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন। কর্মশালায় জনাব মো. মিজানুর রহমান, প্রজেক্ট কোঅর্ডিনেটর, PARTNER বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ড. মো. আব্দুর রাজ্জাক, সাবেক নির্বাহী চেয়্যারমান, বিএআরসি ও ড. ওয়ায়েস কবির, সাবেক নির্বাহী চেয়্যারমান, বিএআরসি সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। কর্মশালায় সভাপতিত্ব করেন ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল। এছাড়াও কৃষি মন্ত্রণালয়সহ নার্সভুক্ত প্রতিষ্ঠানের সংস্থা প্রধানগণসহ বিজ্ঞানী ও অন্যান্য প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ শতাধিক বিজ্ঞানী কর্মশালায় উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে কর্মশালার আনুষ্ঠানিকতা আরম্ভ হয়।

২. ড. মো. আশরাফুল আলম, এজেন্সি প্রোগ্রাম ডাইরেক্টর, এপিসিইউ-বিএআরসি, সম্মানিত অতিথিদের অভ্যর্থনা জানিয়ে স্বাগত বক্তব্য রাখেন। তিনি APCU-BARC, PARTNER অঙ্গের লক্ষ্যসমূহ ও কর্মশালার মূল উদ্দেশ্য অভ্যাগত অতিথিদের সামনে তিনি তুলে ধরেন। শত ব্যস্ততার মাঝেও কর্মশালার উপস্থিত থাকার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। ড. মো. আব্দুস সালাম, ডেপুটি প্রোগ্রাম ডাইরেক্টর (এইচআরডি), এপিসিউ-বিএআরসি, PARTNER অনুষ্ঠানে Strategic Plan for Agricultural R&D of NARS Institutes এর উপর একটি সার সংক্ষেপ উপস্থাপনা করেন। উক্ত উপস্থাপনায় তিনি কৃষি গবেষণার গুরুত্ব, GDP তে কৃষি গবেষণার অবদান, গবেষণা বাজেট বৃদ্ধির সম্ভাব্য ক্ষেত্রসমূহ, বাজেট বৃদ্ধির উৎস, Strategic Plan প্রণয়নে অনুসৃত পদ্ধতি, নার্সভুক্ত প্রতিষ্ঠানের সম্ভাব্য বাজেট বৃদ্ধির পরিমাণ, Strategic Plan বাস্তবায়নে গৃহিতব্য পদক্ষেপ ও সম্ভাব্য উপকারভোগীদের বিষয়ে আলোকপাত করেন। উপস্থাপন শেষে অনুষ্ঠানের সভাপতি ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), বিএআরসি'র সঞ্চালনায় একটি উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। উন্মুক্ত আলোচনায় মোট ২৩ জন অংশগ্রহণকারী তাদের মতামত ও সুপারিশ প্রদান করেন।

৩. উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে ড. মো. নাজমুল ইসলাম, চীফ কো-অর্ডিনেটর (গবেষণা), বিএডিসি সুনির্দিষ্টভাবে বিষয়ভিত্তিক ও কার্বন ট্রেডিং বিষয়ক গবেষণা হাতে নেওয়ার প্রয়োজন বলে উল্লেখ করেন। ড. সুরাইয়া পারভীন, পিএসও, বিএআরসি দেশে ক্ষুদ্র চাষী বাড়ার হার উদ্বেগজনক হওয়ায়, এ বিষয়ে গবেষণা কার্যক্রম হাতে নেওয়ার উপর গুরুত্বারোপ করেন। এছাড়াও তিনি প্রত্যেক নার্সভুক্ত প্রতিষ্ঠানকে তাদের আঞ্চলিক গবেষণা কেন্দ্রসমূহ শক্তিশালীকরণসহ Promotional Research কার্যক্রম বাড়ানো প্রয়োজন বলে উল্লেখ করেন। ড. মো. কবির উদ্দিন আহমেদ, মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট বার্ষিক গবেষণা কার্যক্রমের এর ভিত্তিতে বাজেট বৃদ্ধি, প্রস্তাবিত ডকুমেন্ট Country Investment Plan (CIP) এর বিষয়সমূহ অন্তর্ভুক্তি ও পরিবেশ সংক্রান্ত ঝুঁকিসমূহ গবেষণার ক্ষেত্র হিসেবে সংযোজনের প্রস্তাব করেন। ড. মো. রেজওয়ান মোল্লা, পিএসও, শস্য বিভাগ, বিএআরসি চাহিদার বিপরীতে কী পরিমাণ বরাদ্দ পাওয়া গিয়েছে তা বাজেট বিশ্লেষণে উল্লেখ করা প্রয়োজন বলে মত প্রকাশ করেন। ড. মো. আবুল ফাত্তা তরিকুল ইসলাম, পিএসও, এনআরএম, বিএআরসি Soil Fertility সংক্রান্ত বিষয়সমূহ উক্ত দলিলে

CamScanner

উল্লেখ প্রয়োজন মর্মে অবগত করেন। Land use এবং Agro-forestry বিষয়গুলো প্রস্তাবিত দলিলে সংযোজন করা প্রয়োজন বলে উল্লেখ করেন ড. কাজী নূর-এ-আলম জুয়েল, প্রধান বৈজ্ঞানিক কর্মকতা, বন ইউনিট, বিএআরসি।

৪. দাতাসংস্থাসমূহ কৃষি গবেষণা খাতে কী বিষয়ে গুরুত্ব আরোপ করে তা উল্লেখ করা প্রয়োজন বলে জানান ড. মো. কাইমুল ইসলাম, এসএসও, এসআরডিআই। বিএআরসি আইন ২০১২ অনুসারে দলিলটি প্রস্তুত করার প্রয়োজনীয় বলে জনাব মো. মোস্তাফিজুর রহমান, পরিচালক (প্রশিক্ষণ), বিএআরসি উল্লেখ করেন। ড. কুয়াশা মাহমুদ, পরিচালক (গবেষণা), বিএসআরআই Soil Science ও Biotechnology বিষয়ক গবেষণার কথা সুনির্দিষ্টরূপে উল্লেখ করাসহ BSRI এর আরো বেশি বাজেট বরাদ্দ প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন।

৫. ড. মো. ইকরামুল হক, পরিচালক (গবেষণা), বিনা'তে Maintenance Engineer ও Spare Parts সংস্থান, আন্ত:প্রাতিষ্ঠানিক সহযোগিতা (Inter-institutional Collaboration) এবং Expert hiring প্রয়োজন বলে উল্লেখ করেন। এছাড়াও তিনি বিনাতে Radiation facility বিশেষ করে Agro-processing সক্ষমতা বৃদ্ধি প্রয়োজন বলে মত প্রকাশ করেন। ড. মুনশী রাশেদ আহমেদ, পরিচালক (গবেষণা), বিএআরআই Agro-processing এবং Marketing সংক্রান্ত গবেষণায় মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন। ড. সামিয়া সুলতানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এসআরডিআই সকল নার্সভুক্ত প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতা বৃদ্ধির প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন। ড. মোছা. ইসমৎ আরা, পরিচালক (টিএন্ডটি), বিএসআরআই বিজ্ঞানীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উচ্চশিক্ষা তথা PhD স্কলারশিপের সংখ্যা বৃদ্ধি প্রয়োজন বলে মতামত প্রদান করেন।

৬. ড. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, মহাপরিচালক, বিএআরআই প্রস্তাবিত দলিলে CRISPR-*Cas9* ও Nanotechnology বিষয় গুলোকে সাধারণভাবে উল্লেখ করা প্রয়োজন বলে মন্তব্য করেন। এছাড়াও তিনি Economics of Crops in regard to import and home production, প্রতিষ্ঠানভিত্তিক প্রকল্প গ্রহণ, Quality Research অক্ষুন্ন রাখার স্বার্থে দক্ষ জনবল ধরে রাখা, Reward System এর প্রবর্তন ও Quality expert hiring এর দিকে নজর দেয়া প্রয়োজন বলে উল্লেখ করেন। ড. মো. আবুল কালাম আজাদ, মহাপরিচালক, বিনা উপকূল (Coast), হাওর, বিল এবং শস্য-সংগ্রহোত্তর ক্ষতি (Post harvest loss) সর্ম্পকিত গবেষণা জোরদারের জন্য সুপারিশ করেন। জনাব মো. জালাল উদ্দীন, মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট Zone-based crop production, Carbon sequestration, Land and soil management বিষয়ক গবেষণার জোরদারে মনোযোগী হওয়ার আহবান জানান।

৭. ড. মো. আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি প্রস্তাবিত Strategic Plan টি কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা জরুরি বলে মতামত প্রকাশ করেন। ড. মো. খালেকুজ্জামান, মহাপরিচালক, ব্রি Speed breeding এর সুবিধাদি বৃদ্ধির সুপারিশ করেন।

৮. সম্মানিত বিশেষ অতিথির বক্তব্যে ড. মো. ওয়ায়েস কবীর, সাবেক নির্বাহী চেয়্যারমান, বিএআরসি Quality investment in agricultural Research, Research Extension linkage শক্তিশালীকরণে প্রয়োজনীয় বরাদ্দ সংস্থানসহ দাতা সংস্থাসমূহের প্রতিনিধিদেরকে Convince করার দক্ষতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। অন্য সম্মানিত বিশেষ অতিথি ড. মো. আব্দুর রাজ্জাক, সাবেক নির্বাহী চেয়্যারমান, বিএআরসি লাভজনকভিত্তিক কৃষি গবেষণা, Heterosis Breeding, অঞ্চলভিত্তিক প্রযুক্তি উদ্ভাবনী, Business Opportunity, Seasonal and Regional barrier unleashing গবেষণা কার্যক্রম প্রস্তাবিত দলিলে অন্তর্ভুক্ত করার সুপারিশ প্রদান করেন। জনাব মো. মিজানুর রহমান, প্রজেক্ট কোঅর্ডিনেটর, ডিএই, PARTNER বিশেষ অতিথির বক্তব্যে পোস্ট হারভেস্ট টেকনোলজি উন্নয়নের পাশাপাশি কৃষি ও কৃষকের চাহিদা মোতাবেক গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য বিজ্ঞানীদের উদ্বাত্ত আহবান জানান। তাছাড়াও তিনি R&D বাজেট বৃদ্ধিকরণে Strategic Plan তৈরি সময়মত সম্পন্ন করার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ বছর আরএডিপি প্রণয়ণকালে বাজেট যেন হ্রাস না পায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট সকল সংস্থা প্রধানকে সচেষ্ট থাকার অনুরোধ করেন।

৯. প্রধান অতিথি জনাব মো. মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় তার বক্তব্যে বর্তমানে কৃষি গবেষণার অগ্রগতি সন্তোষজনক বলে মতামত প্রকাশ করেন। প্রস্তাবিত Strategic Plan এ বিস্তারিত কিছু না রেখে বরং DPP তৈরিতে তা রাখার পক্ষে মত দেন। বাজার চাহিদা মাফিক ও লাভজনক প্রযুক্তি উদ্ভাবনে গবেষণা কার্যক্রম পরিচালনায় তিনি গুরুত্বারোপ করেন। Quality Expert hiring এর মাধ্যমে বিজ্ঞানীদের দক্ষতা বৃদ্ধির সুযোগ রয়েছে বলেও তিনি মত প্রকাশ করেন। এছাড়াও কৃষি বিষয়ে পরামর্শ প্রদানে একটি বিশেষজ্ঞ প্যানেল থাকার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। প্রতিবছর ১০% হারে বাজেট বৃদ্ধির যে শর্ত রয়েছে তা PARTNER এর জন্য বরাদ্দকৃত অর্থ দিয়েই সম্ভব বলে তিনি আশা প্রকাশ করেন। Strategic Plan for Agricultural R&D of NARS Institute প্রস্তুতকরণে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানান। এছাড়াও উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর জন্য তিনি বিএআরসি কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

১০. অনুষ্ঠানের সভাপতি ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), বিএআরসি, সময়োপযোগী বিষয়গুলো সামনে রেখে নার্সভুক্ত প্রতিষ্ঠানের গবেষণা গতিশীল করার পরামর্শ প্রদান করেন। নিত্য নতুন জাত ও প্রযুক্তি উদ্ভাবিত হলেও মাঠ পর্যায়ে সেগুলোর আশানুরূপ সম্প্রসারণ সম্ভব না হওয়ার কারণগুলো খুঁজে বের করার জন্য সংশ্লিষ্ট সবাইকে সচেষ্ট হওয়ার অনুরোধ জানান। তিনি প্রযুক্তি উদ্ভাবনমুখী (Product oriented) গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য বিজ্ঞানীদের আহবান জানান। Strategic Plan of Action for Agricultural R&D of NARS Institute এর খসড়াটি সকল প্রতিষ্ঠানে পাঠানোর ব্যবস্থা এবং প্রাপ্ত মতামত/পরামর্শ সংযোজনপূর্বক সংশোধিত কপি কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করার ব্যাপারেও তিনি নির্দেশনা প্রদান করেন। সকলের সহযোগিতায় Strategic Plan of Action for Agricultural R&D of NARS Institute তৈরি করা সম্ভব বলে মত প্রকাশ করেন।

পরিশেষে অভ্যাগত অতিথিদের উপস্থিতি ও মতামত প্রদান ও Strategic Plan for Agricultural R&D of NARS Institutes প্রস্তুতে নিয়োজিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

**সিদ্ধান্তসমূহ:**

১. Strategic Plan for Agricultural R&D of NARS Institutes (খসড়া) টি অধিকতর পরিমার্জনের লক্ষ্যে সকল নার্সভুক্ত প্রতিষ্ঠানের মতামত গ্রহণ করতে হবে।

২. মতামত প্রাপ্তি সাপেক্ষে আগামী ১৬ই নভেম্বর ২০২৪ এর মধ্যে সংশোধিত Strategic Plan for Agricultural R&D of NARS Institutes অনুমোদনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারমান (রুটিন দায়িত্ব)
ফোন: +৮৮০২-৪১০২৫২৫২
ই-মেইল: ec.barc@barc.gov.bd